**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 25-02-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, নেশামুক্ত রাজ্য গঠনে রাজ্য সরকার জিরো টলারেন্স নীতি নিয়ে কাজ করছে।**

**(২) কেন্দ্রীয় অ-সামরিক বিমান চলাচল রাষ্ট্রমন্ত্রী মুরলীধর মহোল বলেছেন, প্রধানমন্ত্রীর নরেন্দ্র মোদির দিশায় সারা দেশের সঙ্গে গোটা উত্তর-পূর্বাঞ্চলেরও দ্রুত বিকাশ হচ্ছে |**

**(৩) ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত এবছরের উচ্চ মাধ্যমিক পরীক্ষা আজ শুরু হয়েছে | আগামীকাল শুরু হচ্ছে মাধ্যমিক পরীক্ষা।**

**(৪) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন যে আয়ুর্বেদ, যোগব্যায়াম এবং অন্যান্য আয়ুষ পদ্ধতি কেবল রোগের** চিকিৎসার **মধ্যেই সীমাবদ্ধ নয়, বরং এটি সামগ্রিক স্বাস্থ্য ব্যবস্থাপনার একটি বিজ্ঞান।**

**************************************************************

**CM:**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, নেশামুক্ত রাজ্য গঠনে রাজ্য সরকার জিরো টলারেন্স নীতি নিয়ে কাজ করছে। আজ অরুন্ধুতিনগরস্থিত মনোরঞ্জন দেববর্মা স্মৃতি পুলিশ স্টেডিয়ামে পুলিশ সপ্তাহ প্যারেড ২০২৬ অনুষ্ঠানে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যে এনডিপিএস মামলার নথীভুক্ত করার হার ১১.০৬ শতাংশ বৃদ্ধি পেয়েছে। গত কয়েক বছরে প্রায় ১৬৪১ কোটি ৮৯ লক্ষ টাকার নেশাদ্রব্য বাজেয়াপ্ত ও ধ্বংস করা হয়েছে। তিনি বলেন, রাজ্যে আইন শৃঙ্খলা নিয়ন্ত্রণে এবং অপরাধ প্রবণতা কমাতে পুলিশকে

অত্যাধুনিক প্রযুক্তি ব্যবহারে আরও দক্ষ হয়ে উঠতে হবে। রাজ্যে বর্তমানে শান্তির পরিবেশ প্রতিষ্ঠিত হয়েছে। রাজ্যের আইন শৃঙ্খলা পরিস্থিতির অনেক উন্নতি হয়েছে|

মুখ্যমন্ত্রী আরও বলেন, রাজ্য পুলিশের ৯১৬ জন কনস্টেবল ও ২১৮ জন সাব ইনস্পেক্টর নিয়োগ করা হবে। অনুষ্ঠানে রাজ্যের প্রতিটি থানাতে নতুন গাড়ি ও মোটর সাইকেল দেওয়ার লক্ষ্যে আজ ১১4টি পুলিশ বাইক ও ২২টি নতুন পুলিশ ভ্যান এর যাত্রার সূচনা করেন মুখ্যমন্ত্রী। অনুষ্ঠান উপলক্ষ্যে মুখ্যমন্ত্রী আরক্ষা বাহিনী আয়োজিত রক্তদান শিবির পরিদর্শন করেন এবং রক্তদাতাদের উৎসাহিত করেন। আজ ৫00 জন আরক্ষা জওয়ান স্বেচ্ছায় রক্তদান করেন।

অনুষ্ঠানে রাজ্য পুলিশের আই. জি কৃষ্ণেন্দু চক্রবর্তীকে মুখ্যমন্ত্রী বিশেষ সেবা পদক প্রদান করা হয়|

*****************************

**Union Minister at Kailashahar:**

কেন্দ্রীয় সমবায় ও অ-সামরিক বিমান চলাচল দপ্তরের রাষ্ট্রমন্ত্রী মুরলীধর মহোল বলেছেন, প্রধানমন্ত্রীর নরেন্দ্র মোদির দিশায় সারা দেশের সাথে গোটা উত্তর-পূর্বাঞ্চলের দ্রুত বিকাশ হচ্ছে| আজ কৈলাশহরে আকাশবাণী'র জেলা প্রতিনিধি অনুপম ভট্টাচার্যকে একান্ত সাক্ষাতকারে কেন্দ্রীয় মন্ত্রী একথা বলেন|

কেন্দ্রীয় মন্ত্রী শ্রী মহোল আজ কৈলাশহর সার্কিট হাউজে কনফারেন্স হলে ভারত সরকারের বিভিন্ন প্রকল্পের কাজের অগ্রগতি নিয়ে পর্যালোচনা বৈঠক করেন| বৈঠকে ভারত সরকারের বিভিন্ন প্রকল্পের রূপায়ণ, উন্নয়নমূলক কাজকর্মের অগ্ৰগতি, সুবিধা -অসুবিধা ইত্যাদি বিষয়ে আলোচনা ও মতবিনিময় করা হয়। তাছাড়া তথ্যচিত্র প্রদর্শনের মাধ্যমে উন্নয়ণ চিত্র তুলে ধরা হয়|বৈঠকে উপস্থিত

ছিলেন, ঊনকোটি জিলা পরিষদের সভাধিপতি অমলেন্দু দাশ, জেলাশাসক ডক্টর তমাল মজুমদার প্রমুখ|

কেন্দ্রীয় রাষ্ট্রমন্ত্রী শ্রী মহোল আজ শৈবতীর্থ ঊনকোটি পর্যটনস্থল পরিদর্শন করেন। তিনি প্রত্নভূমি ঊনকোটি'র স্থাপত্য ও ভাস্কর্য ঘুরে দেখেন। এখানকার কিংবদন্তি, ঐতিহ্য-পরম্পরা সম্পর্কে অবহিত হন। ভারতীয় প্রত্নতত্ত্ব বিভাগের আধিকারিকরা ঊনকোটি'তে কেন্দ্রীয় রাষ্ট্রমন্ত্রীকে উষ্ণ অভ্যর্থনা জানান।

*****************************

**TBSE :**

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত এবছরের উচ্চমাধ্যমিক পরীক্ষা আজ শুরু হয়েছে। আজ প্রথম দিনে ইংরেজি বিষয়ের পরীক্ষা শান্তিপূর্ণভাবে সম্পন্ন হয়েছে| আগামীকাল থেকে শুরু হচ্ছে মাধ্যমিক পরীক্ষা| মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা. মানিক সাহা সকল পরীক্ষার্থীদের শুভেচ্ছা জানিয়েছেন।

*****************************

**Fish knowledge centre:**

অর্থমন্ত্রী প্রনজিৎ সিংহ রায় আজ গোমতী জেলার উদয়পুরে নব নির্মিত মৎস্য জ্ঞানার্জণ কেন্দ্র ও ধনীসাগর মৎস্য উৎপাদন কেন্দ্রের দ্বারোদঘাটন করেন। এই উপলক্ষে উদয়পুরের অমরসাগরে জেলা মৎস্য আধিকারিক কার্যালয় আয়োজিত অনুষ্ঠানে অর্থমন্ত্রী বলেন, রাজ্য সরকার রাজ্যের সমস্ত অংশের জনগনকে আত্মনির্ভর করার লক্ষ্যে কাজ করছে।

মৎস্যমন্ত্রী সুধাংশু দাস বলেন, সারা রাজ্যের মধ্যে গোমতী জেলায় সবচেয়ে বেশি মাছ উৎপাদন হয়। জেলার চাহিদার তুলনায় দুই হাজার মেট্রিকটনেরও বেশি মাছ উৎপাদন করা হয়।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক রামপদ জমাতিয়া, গোমতী জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায় ও উদয়পুর পুর পরিষদের চেয়ারম্যান শীতল চন্দ্র মজুমদার|

******************************

**TRAI outreach programme:**

ভারতের দূরসঞ্চার নিয়ামক কর্তৃপক্ষ অর্থাৎ ট্রাই কলকাতা আঞ্চলিক কার্যালয়ের উদ্যোগে আজ আগরতলায় মহিলা পলিটেকনিকে কলেজে এক আউটরিচ কর্মসূচির আয়োজন করা হয়| এই কর্মসূচির অন্যতম উদ্দেশ্য হল গ্রাহকদের স্বার্থ রক্ষার জন্য ট্রাই'এর গৃহীত বিভিন্ন উদ্যোগ সম্পর্কে জনগণকে অবহিত করা।

খাদ্য দপ্তরের বিশেষ সচিব দেবপ্রিয় বর্ধন বলেন, এই ধরনের সচেতনতামূলক কর্মসূচি বর্তমান সময়ে প্রাসঙ্গিক। মহিলা পলিটেকনিকের অধ্যক্ষ ডঃ তীর্থরাজ সেন টেলিকম ক্ষেত্রের নিয়ন্ত্রক হিসাবে ট্রাই-এর ভূমিকার বিস্তারিত উল্লেখ করেন| ট্রাই'এর সিনিয়র রিসার্চ অফিসার শ্রী নিলয় দত্ত ভোক্তা স্বার্থ সুরক্ষায় ট্রাই-এর বিস্তারিত কর্মকাণ্ড উপস্থাপনার মাধ্যমে অংশগ্রহণকারীদের বিভিন্ন বিষয়ে অবহিত করেন।

বিভিন্ন মোবাইল অ্যাপ, যেমন, (ট্রাই মাই স্পিড অ্যাপ, ট্রাই ডিএনডি ৩.0 অ্যাপ এবং ট্রাই মাই কল অ্যাপ) ট্যারিফ পোর্টাল, গ্রাহক ক্ষমতায়নের জন্য ট্রাই দ্বারা তৈরি কিউওএস এবং নেটওয়ার্ক কভারেজ ম্যাপ পর্যবেক্ষণের জন্য ট্রাই দ্বারা পরিচালিত ড্রাইভ টেস্ট এবং গ্রাহকরা কীভাবে এই অ্যাপ/পোর্টালগুলির সুবিধা নিতে পারেন সে সম্পর্কেও অবহিত করা হয়।

ত্রিপুরা পুলিশের সাইবার ক্রাইম সেলের প্রতিনিধি এসআই টিটন পাল সাইবার অপরাধ সংক্রান্ত বিষয়ে আলোচনা করেন|

বক্তব্য রাখেন ট্রাই-এর উপদেষ্টা কৌশিক মুখার্জি, ট্রাই'এর সিনিয়র রিসার্চ অফিসার নিলয় দত্ত|

*****************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

*****************************

**President:**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ বলেছেন যে আয়ুর্বেদ, যোগব্যায়াম এবং অন্যান্য আয়ুষ পদ্ধতি কেবল রোগের চিকিৎসার মধ্যেই সীমাবদ্ধ নয়, বরং এটি সামগ্রিক স্বাস্থ্য ব্যবস্থাপনার একটি বিজ্ঞান। তিনি বলেন, আয়ুর্বেদ খাদ্যাভ্যাস, দৈনন্দিন রুটিন, ঋতুকালীন রুটিন এবং রোগ প্রতিরোধের জন্য বৈজ্ঞানিক নির্দেশিকা প্রদান করে। রাষ্ট্রপতি বুলধানা জেলার শেগাঁওয়ে আয়ুষ মন্ত্রক এবং অল ইন্ডিয়া আয়ুর্বেদিক কংগ্রেসের সহযোগিতায় আয়োজিত চার দিনের জাতীয় আরোগ্য মেলার উদ্বোধনের পর এক সমাবেশে ভাষণ দিচ্ছিলেন।

######## byte President########

সুস্থতার গুরুত্বের উপর জোর দিয়ে রাষ্ট্রপতি বলেন, এটি সর্বজনস্বীকৃত সত্য যে প্রতিকারের চেয়ে প্রতিরোধই উত্তম। তিনি বলেন, রোগ প্রতিরোধ কেবল ব্যক্তির জন্যই উপকারী নয় বরং দেশের স্বাস্থ্যসেবা ব্যবস্থার উপর বোঝাও কমায়। তিনি বলেন, এই কারণেই আজ নিয়মিত ব্যায়াম, সঠিক খাদ্যাভ্যাস এবং সুষম জীবনযাত্রার মতো প্রতিরোধমূলক পদক্ষেপের উপর জোর দেওয়া হচ্ছে। তিনি বলেন, বিশ্বব্যাপী মানুষ চাপমুক্ত ও সুস্থ জীবনযাপনের জন্য যোগব্যায়াম গ্রহণ করছে এবং আয়ুর্বেদিক চিকিৎসা ও ওষুধ বিশ্বব্যাপী মানুষকে উপকৃত করছে। তিনি আয়ুষ চিকিৎসা পদ্ধতির জ্ঞানের উত্তরাধিকারের ভিত্তিতে বিশ্বকে একটি সুস্থ ভবিষ্যৎ প্রদানের জন্য গত দশকে সরকারের গৃহীত প্রচেষ্টার কথাও তুলে ধরেন। রাষ্ট্রপতি বলেন যে, সমস্ত নতুন এইমস-এ আয়ুষ বিভাগ স্থাপন করা হয়েছে। আয়ুষ ক্ষেত্রে ব্যবসা সহজ করার জন্যও বেশ কয়েকটি পদক্ষেপ নেওয়া হয়েছে, যার ফলে ওষুধ উৎপাদন ও রপ্তানিতে অতিক্ষুদ্র, ক্ষুদ্র ও মাঝারি শিল্প এবং স্টার্ট-আপগুলিকে উৎসাহিত করা হয়েছে।আয়ুষ মন্ত্রী প্রতাপরাও যাদব এই বছরের কেন্দ্রীয় বাজেটে আয়ুষ ক্ষেত্রে বরাদ্দের জন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী এবং অর্থমন্ত্রী নির্মলা সীতারমনকে ধন্যবাদ জানিয়েছেন।

****************************

**C.P.A Confenence:**

রাজ্যের নির্বাচিত জন প্রতিনিধিদের দায়িত্ব কর্তব্য ও জবাবদিহিতা নিয়ে রাজ্য বিধানসভার উদ্যোগে আগামী ২৭শে ফেব্রুয়ারি আগরতলায় প্রজ্ঞা ভবনে এক আলোচনা সভা ও কর্মশালার আয়োজন করা হয়েছে। রাজ্যপাল ইন্দ্র সেনা রেড্ডী নাল্লু আলোচনা সভা ও কর্মশালার উদ্বোধন করার কথা। আজ রাজ্য বিধানসভা ভবনে এক সাংবাদিক সম্মেলনে বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল এই সংবাদ জানান| সাংবাদিক সম্মেলনে পরিষদীয় মন্ত্রী রতন লাল নাথ জানান, কমনওয়েলথ পার্লামেন্টারি এসোসিয়েশন সি পি এ –র অনুরোধে

আগরতলায় এই ধরনের আলোচনা সভা ও সম্মেলনের আয়োজন করা হচ্ছে| তিনি জানান, আলোচনা সভা ও সম্মেলনে রাজ্যের নির্বাচিত তিন সাংসদ, রাজ্য বিধানসভার নির্বাচিত সদস্য সদস্যা, এডিসি- সদস্য, ত্রিস্তর পঞ্চায়েতের নির্বাচিত সদস্য সদ্যসাদের আমন্ত্রণ জানানো হয়েছে|

আলোচনা সভা ও সম্মেলনে উপস্থিত থাকবনে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা, রাজ্যসভার ডেপুটি চেয়ারম্যান হরিবংশ নারায়ন সিং, কেন্দ্রীয় আইন ও সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজুও| পরিষদীয় মন্ত্রী শ্রী নাথ জানান, উত্তরপূর্বাঞ্চলের আট রাজ্যকে নিয়ে গঠিত সি পি এ জোন থ্রির এক সম্মেলন আগামী এপ্রিল মাসে আগরতলায় অনুষ্ঠিত হবে| সাংবাদিক সম্মেলনে বিধানসভার মুখ্যসচেতক কল্যাণী সাহা রায়ও বক্তব্য রাখেন |

*****************************

**BJP:**

বিকশিত ভারত ও বিকশিত ত্রিপুরার বাস্তব রূপরেখা কি হবে তা তুলে ধরার জন্য খাদি গ্রাম বিকাশ সংস্থার উদ্যোগে আগামীকাল আগরতলার শিশু উদ্যানে তিন দিনব্যাপী মেগা প্রদর্শনী শুরু হবে| আজ আগরতলা প্রেস ক্লাবে আয়োজিত সাংবাদিক সম্মেলনে একথা জানিয়েছেন রাজ্যসভার সাংসদ রাজীব ভট্টাচার্য। তিনি বলেন আগামীকাল বিকাল চারটায় মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা এই মেগা প্রদর্শনীর সূচনা করবেন।

*****************************

**TCPCR, Sepahijala:**

→বাল্যবিবাহ নয় শিক্ষাই হোক ভবিষৎ "-এই স্লোগানকে সামনে রেখে জেলা সমাজ শিক্ষা পরিদর্শকের ব্যবস্থাপনায় রাজ্য শিশু অধিকার সুরক্ষা কমিশনের প্রচার গাড়ি আজ সিপাহীজলা জেলায় যাত্রা শুরু করেছে।জেলাশাসক কার্যালয়

প্রাঙ্গনে সবুজ পতাকা নেড়ে প্রচার গাড়ির যাত্রা শুরু করান কমিশনের চেয়ারপার্সন জয়ন্তী দেববর্মা, জেলাশাসক সির্দ্ধাথ শিব জয়সওয়াল, সিপাহীজলা জিলা পরিষদের সভাধিনেত্রী সুপ্রিয়া দাস দত্ত| শিশু অধিকার সুরক্ষা কমিশনের চেয়ারপার্সন জয়ন্তী দেববর্মা জানান, বাল্যবিবাহ মুক্ত ত্রিপুরা গড়ার লক্ষ্যে সারা রাজ্যে আগামী ১০০ দিন পর্যন্ত চলবে এই প্রচারাভিযান। সিপাহীজলার এই প্রচার গাড়িটি জেলার অন্তর্গত প্রতিটি জনপদে গিয়ে বাল্যবিবাহ মুক্ত সমাজ গড়ার সচেতনতার বার্তা ছড়িয়ে দেবে।

*****************************

**Weather:**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে ।আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১.৮ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৭.২ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৭ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে।

*****************************